

আজা

যতীন্দ্রনাথ সরকার

বিরাট বিরাট প্রাসাদ তৈরি তোমারই জন্য  
রানীও আছে একাধিক  
আছে আরো দাস - দাসী  
পারিষদবর্গ ও পাত্র - মিত্র  
এদেরকে নিয়ে  
আমোদ আহ্লাদে  
তুমি দরবারে আড্ডা দাও এবং  
সুন্দর ঐ সোনার সিংহাসনে বসে  
চালাও এক বিরাট রাজ্য।

আমার নেই অট্টালিকা  
রানী নেই  
দাস এবং দাসী  
পাত্র মিত্র ও পারিষদ  
নেই আর কেউই  
একটা ভাঙ্গা আরাম কেদারাও নেই  
আমি সূচ্যগ্র মেদিনীর মালিক হবার সৌভাগ্য থেকেও বঞ্চিত  
কিন্তু জানিনা কে কখন কবে ভুল করে ভালবেসে  
নামে ডেকেছিল একবার —  
হাত ধরে কাছে টেনেছিল।